

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫১১

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬৫. রাসূলুল্লাহ (ﷺ) এর সালাতের বৈশিষ্ট্য

بَابِ صِفَةِ صَلَاتِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ عَنْ أَبِي ذِئْبٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي مَا بَيْنَ الْعِشَاءِ إِلَى الْفَجْرِ إِحْدَى عَشْرَةِ رَكْعَةً يُسَلِّمُ فِي كُلِّ رَكْعَتَيْنِ وَيُوَتِرُ بِوَاحِدَةٍ وَيَسْجُدُ فِي سُبْحَاتِهِ بِقَدْرِ مَا يَقْرَأُ أَحَدُكُمْ خَمْسِينَ آيَةً قَبْلَ أَنْ يَرْفَعَ رَأْسَهُ فَإِذَا سَكَتَ الْمُؤْذِنُ مِنْ الْأَذَانِ الْأَوَّلِ رَكَعَ رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ ثُمَّ اضْطَجَعَ حَتَّى يَأْتِيَهُ الْمُؤْذِنُ فَيَخْرُجَ مَعَهُ

বাংলা

১৫১১. আয়িশা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাত ও ফজরের সালাতের মধ্যবর্তী সময়ে এগারো রাকা'আত সালাত আদায় করতেন। আর তিনি এর প্রত্যেক দু' রাকা'আতে সালাম ফেরাতেন। আর এক রাকা'আত বিতর পড়তেন। এছাড়াও, তিনি তাঁর নফল সালাতে এতো (দীর্ঘ) সময় সিজদায় থাকতেন যে, (সিজদা হতে) তাঁর মাথা উঠানোর পূর্বে তোমাদের কেউ পথগ্রাশ আয়াত পরিমান পাঠ করতে পারতো। আর যখন মুয়ায়িন প্রথম আয়ান (শেষ করে) থেমে যেতেন, তখন তিনি সংক্ষেপে দু' রাকা'আত সালাত আদায় করতেন। আর তাঁর নিকট মুয়ায়িন না আসা পর্যন্ত তিনি শুয়ে থাকতেন। এরপর (মুয়ায়িন এলে) তিনি তার সাথে বের হয়ে যেতেন। [1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। এটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: এটি গত হয়েছে ১৪৮৭ (অনুবাদে ১৪৮৮) নং এ। আবার সামনে ১৬২৬ নং এ আসছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81794>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন